




দুর্যোগ মানচিত্র

(দুর্যোগ ও জলবায়ু পরিবর্তনজনিত ঝুঁকি মানচিত্র ও পরিকল্পনা নির্দেশিকা)



শরৎখোলা উপজেলা



Sharankhola Upazila

ATLAS

(Disaster and Climate Change Risk Maps and Planning Guide)

Comprehensive Disaster Management Programme (CDMP II)

Ministry of Disaster Management and Relief



দুর্যোগ মানচিত্র

(দুর্যোগ ও জলবায়ু পরিবর্তনজনিত ঝুঁকি মানচিত্র ও পরিকল্পনা নির্দেশিকা)

অক্টোবর ২০১৪

কমিশনর সচিব ডিজাস্টার ম্যানেজমেন্ট প্রোগ্রাম (সিডিএমপি ২)
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

ATLAS

First Published in October 2014

Comprehensive Disaster Management Programme (CDMP II)
Department of Disaster Management Building (6th Floor)
92-93, Mohakhali C/A, Dhaka - 1212, Bangladesh
Telephone : +880-2-9890937, +880-2-9841581
E-mail: info@cdmp.org.bd
Website: www.cdmp.org.bd

Prepared by

C3ER, BRAC University

Edited and Improved by

Sanjib Kumar Saha, Response and Adaptation Management Analyst, CDMP II
Mirza Shawkat Ali, Climate Change Adaptation Specialist, CDMP II
Göran Jonsson, Senior Programme Adviser, UNDP

Design

Md. Khairul Alam

Printing

Creative Printing and Packaging

Copyright © CDMP II 2014

Wider dissemination of the Atlas is encouraged and it may be reproduced with proper acknowledgement of the publisher.

দুর্যোগ মানচিত্র

প্রথম প্রকাশ

অক্টোবর ২০১৪

কম্প্রিহেনসিভ ডিজাস্টার ম্যানেজমেন্ট প্রোগ্রাম (সিডিএমপি ২)
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩, মহাখালী বাণিজ্যিক এলাকা, ঢাকা-১২১২, বাংলাদেশ
টেলিফোন : +৮৮০-২-৯৮৯০৯৩৭, +৮৮০-২-৯৮৪১৫৮১
ই-মেইল : info@cdmp.org.bd
ওয়েব : www.cdmp.org.bd

প্রস্তুত

সিগ্রিইআর, ব্র্যাক বিশ্ববিদ্যালয়

সম্পাদনা ও উন্নয়ন

সঞ্জীব কুমার সাহা, রেসপন্স এন্ড এ্যাডাপ্টেশন ম্যানেজমেন্ট এনালিস্ট, সিডিএমপি
মির্জা শওকত আলী, ক্লাইমেট চেঞ্জ এ্যাডাপ্টেশন স্পেশালিস্ট, সিডিএমপি
Göran Jonsson, Senior Programme Adviser, UNDP

ডিজাইন

মো: খাইরুল আলম

মুদ্রণ

ক্রিয়েটিভ প্রিন্টিং এন্ড প্যাকেজিং

কপিরাইট

প্রকাশনাটির বহুল ব্যবহার ও প্রচার কাম্য। তবে পূর্ণ:মুদ্রণের ক্ষেত্রে যথাযথভাবে প্রকাশকের নাম উল্লেখ ও স্বীকারোক্তি আশা করা হচ্ছে।



বাণী

আমাদের প্রিয় মাতৃভূমি বাংলাদেশ একটি অপর সম্ভাবনার দেশ। আমাদের যেমন রয়েছে প্রাকৃতিক সম্পদ, ঠিক তেমনই আছে দক্ষ জনবল। সম্পদ আর সম্ভাবনার পাশাপাশি এদেশে আবার অনেক প্রাকৃতিক দুর্যোগ যেমন বন্যা, খরা, ঘূর্ণিঝড়, লবণাক্ততা ইত্যাদি বিদ্যমান। একারণে বিশ্বব্যাপী বাংলাদেশ একটি দুর্যোগ প্রবন দেশ হিসেবে পরিচিত। আমরা প্রতিদিনই কোন না কোন দুর্যোগের সম্মুখীন হচ্ছি। আবার এর সাথে নতুন সমস্যা হিসেবে যোগ হয়েছে জলবায়ু পরিবর্তন। বিজ্ঞানীরা ধারণা করছেন জলবায়ু পরিবর্তনের ধ্বংসাত্মক প্রভাবের ফলে বাংলাদেশে দুর্যোগের ঘনঘটা ও এর ক্ষতির মাত্রা আরও বাড়তে পারে।

বর্তমান সরকার কার্যকরী দুর্যোগ ব্যবস্থাপনার মাধ্যমে মানবিক, অর্থনৈতিক ও পরিবেশগত ক্ষয়ক্ষতি হ্রাস করে মানুষের জীবনমানে উন্নত করতে বদ্ধপরিকর। একাজ সঠিকভাবে সম্পন্ন করার জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের পক্ষ থেকে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। স্থানীয় পর্যায়ে দুর্যোগ ঝুঁকি হ্রাস কার্যক্রমকে আরও শক্তিশালী করার উদ্দেশ্যে সঠিক পরিকল্পনা প্রণয়ন করার ওপর গুরুত্ব আরোপ করা হয়েছে। ঝুঁকি হ্রাস পরিকল্পনা যুগোপযোগী ও তথ্যসমৃদ্ধ করার জন্য প্রয়োজন স্থানীয় পর্যায়ের জনপ্রতিনিধি ও কর্মকর্তাদের ব্যবহার উপযোগী নির্দেশিকা বা কলা-কৌশল।

Comprehensive Disaster Management Programme (CDMP II) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের একটি প্রকল্প যেটি দুর্যোগ ব্যবস্থাপনার সরকারের সক্ষমতা বৃদ্ধির উদ্দেশ্যে কাজ করছে। আমি জেনে খুবই আনন্দিত হয়েছি যে, স্থানীয় সরকার, বিভিন্ন বিভাগের কর্মকর্তা ও পরিকল্পনাবিদদের ব্যবহারের জন্য সিডিএমপি উপজেলা দুর্যোগ মানচিত্র বা এ্যাটলাস তৈরী করছে। এ্যাটলাসটিতে নির্দিষ্ট উপজেলার আপদের বিবরণ, আপদের মানচিত্র, অবকাঠামো ও প্রতিষ্ঠানিক ঝুঁকির বিষয় অন্তর্ভুক্তির মাধ্যমে অত্যন্ত তথ্যবহুল করা হয়েছে। মানচিত্রটি সঠিকভাবে ব্যবহার করে পরিকল্পনা প্রণয়ন ও তা বাস্তবায়ন করলে স্থানীয় জনগোষ্ঠী দুর্যোগ মোকাবিলা করতে অধিকতর সক্ষম হবে বলে আমি বিশ্বাস করি।

এই মহতী উদ্যোগের জন্য আমি দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এবং সিডিএমপি-এর সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে আন্তরিক ধন্যবাদ জানাই।

৩/১১/১৪

মোফাচ্ছল হোসেন চৌধুরী মায়, বীর বিক্রম, এম.পি.
মন্ত্রী
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়



বাণী

ভৌগোলিক অবস্থান, ভূ-প্রাকৃতিক বৈশিষ্ট্য এবং জনসংখ্যার ঘনবসতির কারণে বাংলাদেশ প্রাকৃতিক দুর্যোগের ক্ষেত্রে পৃথিবীর অন্যতম দুর্যোগ প্রবন দেশ হিসেবে পরিচিত। জলবায়ু পরিবর্তনের ধ্বংসাত্মক প্রভাব নিয়ে বিশ্বব্যাপী আলোচনার শুরু থেকেই বিশেষজ্ঞগণ বাংলাদেশকে জলবায়ু পরিবর্তনের ক্ষেত্রে ক্ষতিগ্রস্ত দেশ হিসেবে বিবেচনা করে আসছেন। বাংলাদেশে প্রতিদ্বন্দ্বিতা কোন না কোন প্রাকৃতিক কিংবা মানবসৃষ্ট দুর্যোগে আক্রান্ত হচ্ছে। জলবায়ু পরিবর্তন ও তার প্রভাব দুর্যোগের ব্যাপকতা ও এর মাত্রা আরও বাড়িয়ে দিয়েছে, যার ফলশ্রুতিতে বিপন্ন হচ্ছে লক্ষ লক্ষ মানুষের জীবন ও জীবিকা। বিজ্ঞানীরা ধারণা করছেন আগামী দিনগুলোতে এই পরিস্থিতি আরও খারাপ হতে পারে।

এরকম একটা অনিশ্চিত পরিস্থিতিতে ঝুঁকি হ্রাস পরিকল্পনা প্রণয়নে প্রয়োজন সর্বশেষ তথ্যসমৃদ্ধ ও সহজে ব্যবহার উপযোগী নির্দেশিকা বা কলা-কৌশল। উপজেলা দুর্যোগ মানচিত্র (Atlas) তৈরি করে Comprehensive Disaster Management Programme (CDMP II) সময়ের সেই দাবীটি পূরণ করেছে। স্থানীয় সরকার, বিভিন্ন বিভাগের কর্মকর্তা ও পরিকল্পনাবিদদের ব্যবহারের জন্য তৈরি করা উপজেলা দুর্যোগ মানচিত্র প্রকাশিত হচ্ছে জেনে আমি আনন্দিত হয়েছি।

বর্তমান সরকার দুর্যোগ ও জলবায়ু পরিবর্তনজনিত ঝুঁকি ব্যবস্থাপনা বিষয়টিকে সর্বশেষ গুরুত্বের সাথে বিবেচনা নিয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এক্ষেত্রে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করেছে। আমি আশা করি স্থানীয় প্রশাসন, জনপ্রতিনিধি, পরিকল্পনাবিদ, বেসরকারি ব্যক্তি ও প্রতিষ্ঠান উপজেলা দুর্যোগ মানচিত্র বা এ্যাটলাস ব্যবহার করে স্থানীয় ঝুঁকি হ্রাস পরিকল্পনা প্রণয়ন করবেন। আমার বিশ্বাস সঠিক স্থানীয় পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নের মাধ্যমে দুর্যোগ প্রবণ এলাকায় বসবাসরত জনগোষ্ঠী দুর্যোগ মোকাবিলায় আরও সক্ষম হয়ে উঠবেন।

স্থানীয় পরিকল্পনা প্রণয়ন করার ক্ষেত্রে সমন্বয়োপযোগী দুর্যোগ মানচিত্র (এ্যাটলাস) তৈরি ও তা ব্যবহারের জন্য বাস্তবমুখী পদক্ষেপ গ্রহণ করার জন্য Comprehensive Disaster Management Programme (CDMP II) এর সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানাচ্ছি।

৩/১১/১৪

মেহবাহ উল আলাম
সচিব
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়



মুখবন্ধ

বাংলাদেশ পৃথিবীর বুকে একটি দুর্ঘটনা প্রবণ দেশ হিসেবে পরিচিত। প্রাকৃতিক ও মানবসৃষ্ট আপদের ফলশ্রুতিতে বাংলাদেশ প্রতিদায়িত্ব কান না কোন প্রাকৃতিক দুর্ঘটনার সম্মুখীন হচ্ছে যেমন, বন্যা, খরা, ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস, লবণাক্ততা, নদী ভাঙ্গন, ভূমিধস ইত্যাদি। এছাড়াও, ভৌগোলিক অবস্থান ও জনসংখ্যার আধিক্যসহ বিদ্যমান অন্যান্য বিপদাপন্নতার কারণে যে কোন দুর্ঘটনা এদেশে জীবনহানি ও অর্থনৈতিক ক্ষতি সাধিত হয় অনেক বেশী। অর্থনৈতিক ক্ষতির মধ্যে অবকাঠামো, ফসল, ঘর-বাড়ি ইত্যাদি ধ্বংস এবং গৃহপালিত পশুর ক্ষতিসাধন অন্যতম। এতে জীবন-জীবিকার প্রত্যক্ষ ক্ষতি হয় এবং পরোক্ষভাবে আরের সুযোগ কমে গিয়ে দারিদ্র্যের প্রকোপ বেড়ে যায়। বিজ্ঞানীদের ধারণা জলবায়ু পরিবর্তনজনিত কারণে আগামী দিনগুলোতে বিভিন্ন ক্ষেত্রে ক্ষতির মাত্রা আরও বৃদ্ধি পেতে পারে।

জলবায়ুর বর্তমান অবস্থা ও পরিবর্তনের ভবিষ্যত চিত্র সামনে রেখে কোন উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করা খুবই দুর্জয় কাজ। এরকম অবস্থায় টেকসই উন্নয়ন পরিকল্পনা করতে হলে প্রয়োজন বিজ্ঞানভিত্তিক সর্বশেষ তথ্য এবং উপাত্ত। Comprehensive Disaster Management Programme (CDMP II) ইতোমধ্যে জলবায়ু পরিবর্তনের বর্তমান ও ভবিষ্যত চিত্র, এর ফলাফল, প্রভাব ইত্যাদির ওপর বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ গবেষণা কাজ শেষ করেছে। এছাড়াও তৈরি করা হয়েছে উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে বন্যা, জলোচ্ছ্বাস ও লবণাক্ততার মানচিত্র। গবেষণায় প্রাপ্ত ফলাফল ও তথ্য-উপাত্ত বিভিন্নভাবে বিশ্লেষণ করে স্থানীয় পরিকল্পনা প্রণয়নের কাজে ব্যবহারের জন্য তৈরি করা হয়েছে বেশ কিছু উপকরণ ও নির্দেশিকা। এরই ধারাবাহিকতায় স্থানীয় সরকার, বিভিন্ন বিভাগের মাঠপর্যায়ের কর্মকর্তা ও পরিকল্পনাবিদদের ব্যবহার উপযোগী করে তৈরি করা হয়েছে উপজেলা দুর্ঘটনা মানচিত্র (Atlas)। এ্যাটলাসটি থেকে সর্বশ্রেষ্ঠ উপজেলার আপদের বিবরণ, বিপদাপন্নতা, ঝুঁকি এবং সামাজিক-অর্থনৈতিক অবস্থা সম্পর্কে ধারণা পাওয়া যাবে।

আমি সকলকে বিশেষত স্থানীয় পর্যায়ে জনপ্রতিনিধি, কর্মকর্তা, পেশাজীবী ও গবেষকবৃন্দকে স্থানীয় পরিকল্পনা প্রণয়নের সময় দুর্ঘটনা মানচিত্রটি ব্যবহার করার জন্য উৎসাহিত করছি। আমার বিশ্বাস মানচিত্রটি এবং সন্নিবেশিত তথ্য ব্যবহার করা হলে স্থানীয় পরিকল্পনা দুর্ঘটনা ও জলবায়ু পরিবর্তন সহনশীল উপায়ে সমৃদ্ধ হবে এবং দুর্ঘটনা ঝুঁকি হ্রাস কার্যক্রম বেগবান হবে।

আমি দুর্ঘটনা মানচিত্র (এ্যাটলাস) তৈরিতে যারা সংশ্লিষ্ট ছিলেন তাদের সকলকে জানাই আন্তরিক ধন্যবাদ। মানচিত্রটির উন্নয়নে যে কোন পরামর্শ সাপেক্ষ গ্রহণ করা হবে।



মোহাম্মদ আবদুল কাইয়ুম

জাতীয় প্রকল্প পরিচালক

(অতিরিক্ত সচিব)

কম্পিউটাইজড ডিজাস্টার ম্যানেজমেন্ট প্রোগ্রাম

কৃতজ্ঞতা স্বীকার

জলবায়ুর বর্তমান অবস্থা ও পরিবর্তনের ভবিষ্যত চিত্র সামনে রেখে স্থানীয় পরিকল্পনা প্রণয়নে জনপ্রতিনিধি, কর্মকর্তা, পেশাজীবী ও গবেষকবৃন্দকে সহযোগিতার জন্য বাংলাদেশে এই প্রথম তৈরি করা হলো উপজেলা দুর্ঘটনা মানচিত্র বা এ্যাটলাস। এ্যাটলাসটিতে রয়েছে নির্দিষ্ট উপজেলার বিভিন্ন আপদের বিবরণ, আপদের মানচিত্র, অবকাঠামো ও প্রাতিষ্ঠানিক ঝুঁকির বিষয়ে বিস্তারিত বর্ণনা। আশা করা হচ্ছে স্থানীয় ঝুঁকি হ্রাস পরিকল্পনা প্রণয়ন ও তা বাস্তবায়নের ক্ষেত্রে এ্যাটলাসটি অত্যন্ত সহায়ক ভূমিকা পালন করবে।

দুর্ঘটনা মানচিত্র বা এ্যাটলাস তৈরিতে রয়েছে অনেকের সারকর্ম অবদান। সর্বশ্রেষ্ঠ সকলকে সর্বপ্রথমেই তাদের অবদানের জন্য কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানাচ্ছি। এই সংশ্লিষ্ট পরিসরে সকলের নাম ও তাদের বিভিন্ন রকম অবদানের স্বীকৃতির বর্ণনা দেয়া বাস্তবিক পক্ষেই সম্ভব নয়। একারণে প্রথমেই সকলের কাছে বিনীতভাবে ক্ষমা চেয়ে নিচ্ছি।

যাঁরা কথা সর্বপ্রথমেই বলতে হয় তিনি সিডিএমপির জাতীয় প্রকল্প পরিচালক জনাব মোহাম্মদ আবদুল কাইয়ুম। আমরা যখন সিডিএমপি কর্তৃক বাস্তবায়িত জলবায়ু পরিবর্তনের ওপর বিভিন্ন গবেষণা ও বৈজ্ঞানিক সমীক্ষার তথ্য-উপাত্ত, ফলাফল ও সুপারিশসমূহ বিশ্লেষণ করে নানারকম উপকরণ ও নির্দেশিকা তৈরির কাজে হাত দিয়েছি তখন জাতীয় প্রকল্প পরিচালক মহোদয় আমাদেরকে এক অভিনব ধারণা দিলেন। একটি আন্তর্জাতিক সম্মেলনে অংশগ্রহণ করে সেখান থেকে প্রাপ্ত জ্ঞান থেকে তিনি এ্যাটলাস তৈরির ধারণাটি আমাদের সামনে তুলে ধরলেন।

সিডিএমপি থেকে প্রাপ্ত ধারণা, তথ্য-উপাত্ত ও বিভিন্ন মানচিত্র ব্যবহার করে দুর্ঘটনা মানচিত্র বা এ্যাটলাসটি তৈরি করেছে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের সেক্টর ফর ক্লাইমেট চেঞ্জ এন্ড এনভায়রোমেন্টাল রিসার্চ (C3ER) এর একদল উদ্যোগী ও তরুণ শিক্ষক ও বিজ্ঞানী। তাদের অশ্রম উৎসাহ ও নিরলস প্রচেষ্টার ফলে অবশেষে আমরা ১০টি নির্বাচিত উপজেলার জন্য ১০টি এ্যাটলাস তৈরির কাজ সম্পন্ন করতে পেরেছি।


সেদের দুইটি বিভাগে দুইটি বিভাগীয় কর্মশালা আয়োজন করে বিভাগের সংশ্লিষ্ট সব সংস্থা ও সব পর্যায়ে কর্মকর্তার মতামত ও পরামর্শ বিবেচনা করা হয়েছে। এ্যাটলাসটি পর্যালোচনা করে দুর্ঘটনা ব্যবস্থাপনা অধিদপ্তরের কর্মকর্তাগণ সুচিন্তিত মতামত দিয়েছেন। এছাড়া এ্যাটলাসটি তৈরির বিভিন্ন পর্যায়ে সিডিএমপির বিশেষজ্ঞগণ এটিতে ব্যবহৃত বিভিন্ন তথ্য, উপাত্ত এবং এটির আঙ্গিক বিন্যাসের ওপর নানারকম পরামর্শ ও মতামত দিয়েছেন। সবশেষে একটি জাতীয় কর্মশালার মাধ্যমে এ্যাটলাসটির চূড়ান্ত বসড়ার ওপর এবিষয়ে বিশেষজ্ঞদের পরামর্শ নিয়ে তা চূড়ান্ত করা হয়েছে।

পরিশেষে যাদের অর্থায়নে এই এ্যাটলাসটি তৈরি করা হয়েছে সেই উন্নয়ন সহযোগী সংস্থা বিশেষত জাতিসংঘ উন্নয়ন কর্মসূচী (UNDP) কে তাদের অবদানের জন্য ধন্যবাদ জানাচ্ছি।



সঞ্জীব কুমার সাহা

হেসপাল এন্ড এ্যাডভান্সড ম্যানেজমেন্ট এ্যানালিস্ট, সিডিএমপি



মিজা শওকত আলী


ক্লাইমেট চেঞ্জ এ্যাডভান্সড ম্যানেজমেন্ট এ্যানালিস্ট, সিডিএমপি

Contents

Message	iii
Message	iii
Foreword	iv
Acknowledgment	iv
Summary	01
General Introduction	03
1.1 About the Atlas	03
1.2 Disaster risk management: Importance and current practices	04
1.3 Objective of the atlas	06
1.4 Methodology	06
2 Baseline Data	08
2.1 Physiography of the Upazila	09
2.2 Socio Economic Condition	10
3 Exposure Analysis	13
4 Vulnerability Analysis	26
5 Risk Assesment of Sharankhola	43
6 Conclusion	45
Appendix-1: Risk Assessment Methodology	46

সূচিপত্র

বাণী	iii
বাণী	iii
মুখবন্ধ	iv
কৃতজ্ঞতা স্বীকার	iv
সারসংক্ষেপ	০১
ভূমিকা	০৩
১.১ এ্যাটলাস সম্পর্কে	০৩
১.২ দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা: গুরুত্ব ও বর্তমান কার্যক্রম	০৪
১.৩ এ্যাটলাসের উদ্দেশ্য	০৬
১.৪ কার্যপদ্ধতি	০৬
২ ভিত্তি উপাত্ত	০৮
২.১ উপজেলার ভূ-প্রকৃতি	০৯
২.২ আর্থ-সামাজিক অবস্থা	১০
৩ আক্রান্ততা বিশ্লেষণ	১৩
৪ বিপদাপন্নতা বিশ্লেষণ	২৬
৫ শরণখোলা এর ঝুঁকি মূল্যায়ন	৪৩
৬ উপসংহার	৪৫
পরিশিষ্ট-১: ঝুঁকি মূল্যায়ন পদ্ধতি	৪৬



Summary

Bangladesh is one of the most climate vulnerable countries in the world and the vulnerability dimension is more likely to aggravate far more in future. Floods, tropical cyclones, storm surges, tidal surge, saline intrusion, droughts, etc. are likely to become more frequent and severe in the coming years. Comprehensive Disaster Management Programme (CDMP II) has completed a number of studies on climate change parameters, vulnerabilities and developed local level hazard exposure information in the form of flood inundation, storm surge inundation and salinity maps. The study findings, maps and other information are translated into local level Risk Atlas, which can be used for local level risk reduction planning. The Risk Atlas can serve as ready reference with updated information of hazard and exposure, profile on vulnerabilities, as well as elements at risks and capacity at local level. The Atlas contains the following information of the Upazila.

Physiography

In the context of physiography, Bangladesh may be classified into three distinct regions: (A) Floodplains, (B) Terraces, and (C) Hills; each having distinguishing characteristics of its own. Pleistocene upland extends from the Lalmai Hills of Comilla District and adjacent low hills in the east through Dhaka and Rajshahi divisions to West Bengal in India. The Eastern and Northern Frontier Hilly regions represent the hill areas of Bangladesh and comprise two main sub-regions - Chittagong Hill Tracts and Foot Hills of the Shillong Massif. Sarankhola upazila of Bagerhat district is located within the immature delta region. This zone contains the Sundarban forest and the Sundarban reclaimed estates (cultivated land).

Climate

Temperature, rainfall, wind speed, humidity, sunshine hours and evapotranspiration are considered as the most important element of climate. Considering the importance, the above mentioned factors are analyzed to know the real climatic condition of Sarankhola Upazila. Climate change refers to the trends arising from the variability of different meteorological parameters. Sometimes the terms "Climate Change" and "Climate Variability" are used synonymously, though these two are of different phenomena. Climatic change and trend have been analyzed for Sarankhola Upazila in this Atlas.

Land Cover

Land cover means the physical cover of the land in a certain area. Natural vegetation, manmade structures, etc. represent the land cover. The land cover includes the information regarding bare soils and water bodies of a particular area. The Land cover or the use of land influences both the occurrence of the hazard and exposure of the elements.

Housing

Housing and building materials are other vulnerable elements to disaster. In Bangladesh, buildings are classified in three major categories - Pucca (permanent), Semi-pucca (semi-permanent) and Kutcha & Jhupri (temporary) based on building materials. These three types of houses have been analyzed to assess the exposure and vulnerability.

Household Size and Population

The number of people living in each house determines the household size. Household size is also analyzed in this Atlas as it is an important factor to understand the population of target area.

Socio-Economic Condition

Economic activity, the unemployment rate, electric coverage, water supply and sanitation of Sarankhola Upazila are analyzed in this study. Water supply and sanitation are important to determine the living condition of the area. These factors are also determinants of vulnerability and risk assessment.

সারসংক্ষেপ

জলবায়ু পরিবর্তনের প্রভাবে পৃথিবীর বিপদাপন্ন অনেক দেশের মধ্যে বাংলাদেশ অন্যতম এবং ধারণা করা হয় যে, বিপদাপন্নতার মাত্রা ভবিষ্যতে আরও বৃদ্ধি পেতে পারে। আগামী দিনগুলোতে বন্যা, মৌসুমী ঘূর্ণিঝড়, জলোচ্ছাস, লবণাক্ততা, খরা ইত্যাদির মাত্রা ও পরিধি আরও বাড়তে পারে। কমিশনহেনসিড ডিজাস্টার ম্যানেজমেন্ট প্রোগ্রাম (পিডিএমপি ২) এর পক্ষ থেকে জলবায়ু পরিবর্তনের বিভিন্ন নিয়ামক, এর প্রভাব, বিপদাপন্নতা এবং বন্যা, জলোচ্ছাস, লবণাক্ততা আক্রান্ত হওয়ার মানচিত্রসহ বেশ কয়েকটি গবেষণা কাজ শেষ করা হয়েছে। গবেষণা থেকে প্রাপ্ত ফলাফল, মানচিত্র এবং অন্যান্য তথ্য সংবলিত করে তৈরি করা হয়েছে দুর্যোগ মানচিত্র (এটলাস) যা স্থানীয় পর্যায়ে ঝুঁকি-প্রসার পরিকল্পনা প্রণয়নে ব্যবহার করা যাবে। তাত্ক্ষণিক তথ্যসূত্র হিসেবে এটলাসটি বিভিন্ন কাজে ব্যবহার করা যাবে কারণ এতে রয়েছে আপদ ও আক্রান্ততা, বিপদাপন্নতার বিবরণ, বিজ্ঞানভিত্তিক বিশ্লেষণ তথ্য এবং উপাত্ত, বিভিন্ন স্থাপনা ও প্রতিষ্ঠানের ঝুঁকি এবং স্থানীয় সম্ভবতা। এই উপজেলার নিম্নলিখিত বিভিন্ন তথ্য এটলাসটিতে বর্ণনা করা হয়েছে।

ভূ-প্রকৃতি

ভূ-প্রকৃতিগত দিক থেকে বাংলাদেশকে তিনটি ভাগে ভাগ করা যায়ঃ (ক) প্লাবন ভূমি (খ) বরেন্দ্র ও আওয়াল অঞ্চল (গ) পার্বত্য অঞ্চল এবং প্রত্যেকটির নিজস্ব কিছু সাতন্ত্র বৈশিষ্ট্য রয়েছে। কুমিল্লা জেলার লালমাই পাহাড় থেকে শুরু করে ঢাকা ও রাজশাহী হয়ে ভারতের পশ্চিমবঙ্গ পর্যন্ত প্লামটোনে উচ্চ ভূমি অবস্থিত। পূর্ব ও উত্তর অংশটি পাহাড়ী অঞ্চল নিয়ে গঠিত যা দু'টি প্রধান ভাগে বিভক্ত- পার্বত্য চট্টগ্রাম এবং শিলং পর্বতের পাদদেশীয় ভূমি। বাগেরহাট জেলার শরণখোলা উপজেলাটি অপরিণত ব-দ্বীপ অঞ্চলে অবস্থিত। এ অঞ্চলে সুন্দরবন বনাঞ্চল এবং চাষাবাদযোগ্য ভূমি রয়েছে।

জলবায়ু

তাপমাত্রা, বৃষ্টিপাত, বাতাসের গতি, অর্দ্রতা, সূর্যালোক ঘণ্টা এবং বাষ্পীভবনকে জলবায়ুর সবচেয়ে গুরুত্বপূর্ণ উপাদান হিসেবে গণ্য করা হয়। উল্লিখিত উপাদানগুলোর গুরুত্ব বিবেচনা করে শরণখোলা উপজেলার প্রকৃত জলবায়ু প্রকৃতি বিশ্লেষণের জন্য বেছে নেওয়া হয়েছে। আবহাওয়ার বিভিন্ন উপাদান পরিবর্তনের উপরে জলবায়ুর পরিবর্তন নির্ভরশীল। কখনো কখনো 'আবহাওয়া পরিবর্তন' এবং 'আবহাওয়া বৈচিত্র্য' প্রত্যয় দু'টি একই অর্থে ব্যবহৃত হয় যদিও তা একই অর্থ বহন করে না। মানচিত্রটিতে শরণখোলা উপজেলার জলবায়ু পরিবর্তন ও ধারা বিশ্লেষণ করা হয়েছে।

ভূমি আচ্ছাদন

ভূমি আচ্ছাদন বলতে সাধারণত কোন অঞ্চলের ভূমির উপরিভাগের বিভিন্ন বস্তুর উপস্থিতি বুঝায়। প্রাকৃতিক বন-জঙ্গল, মানব সৃষ্ট কাঠামো প্রভৃতি ভূমি আচ্ছাদনকে গঠিত করে। কোন নির্দিষ্ট অঞ্চলের উন্মুক্ত ভূমি ও জলাশয় সেই অঞ্চলের ভূমি আচ্ছাদনের অন্তর্ভুক্ত। ভূমি আচ্ছাদনের ধরন এবং ভূমি ব্যবহারের প্রকৃতি দুটোই আপদ ঘটানো এবং আপদে আক্রান্ত করার ক্ষেত্রে ভূমিকা রাখে।

গৃহায়ন

গৃহের ধরন এবং নির্মাণের উপাদান আরও একটি দুর্যোগ বিপদাপন্নতার উপাদান। নির্মাণের উপকরণের উপর ভিত্তি করে বাংলাদেশের গৃহগুলোকে প্রধানত তিন ভাগে ভাগ করা যায়- পাকা, আধা কাঁচা এবং কাঁচা ও জুপরি। দুর্যোগ আক্রান্ত এবং বিপদাপন্নতা বিশ্লেষণে এই তিন ধরনের বাসস্থান বিশ্লেষণ করা হয়েছে।

খানার আকার ও জনসংখ্যা

কতজন লোক একটি বাড়িতে বসবাস করছে তার ওপর ভিত্তি করে খানার আকার নির্ধারিত হয়। যেকোনো খানার আকার একটি গুরুত্বপূর্ণ নিয়ামক ভাবে জনগোষ্ঠীর বিপদাপন্নতা বোঝার জন্য খানার আকারও এই দুর্যোগ মানচিত্র তৈরিতে বিশ্লেষণ করা হয়েছে।

আর্থ-সামাজিক অবস্থা

শরণখোলা উপজেলার অর্থনৈতিক কর্মকাণ্ড, বেকারত্বের হার, বিদ্যুৎ সংযোগের ব্যাঙ্কি, পানি সরবরাহ এবং পর্যাৱিকাশন ব্যবস্থা এই গবেষণায় বিশ্লেষণ করা হয়েছে। পানি সরবরাহ এবং পর্যাৱিকাশন ব্যবস্থা কোন অঞ্চলের জীবনযাত্রার অবস্থা নির্ধারণের জন্য একটি গুরুত্বপূর্ণ মাধ্যম। একই সাথে এই উপাদানগুলো বিপদাপন্নতা এবং ঝুঁকি পরিমাপের জন্যও বিশেষভাবে গুরুত্বপূর্ণ।

Exposure Analysis

It is essential to consider the spatial variations of hazards and exposures in order to analyze the risks. Sensitivity of the elements to a particular hazard varies due to their inherent properties, degrees of hazard intensity and degrees of exposure level.

Vulnerability Analysis

Physical Vulnerability, social vulnerability, economic vulnerability and environmental vulnerability are analyzed to obtain the comprehensive assessment of vulnerability for Sarankhola Upazila. The relative importance of different indicators is decided by assigning individual weights to them. For determining weights of different indicators, Delphi method is applied.

Risk Assessment

Flood, storm surge, salinity and drought are analyzed for risk assessment in this Atlas. Risk is calculated in two ways. Firstly, risk is calculated for different types of hazard and secondly, it is calculated for four vulnerability sectors. Physical, social, economic and environmental sectors are considered for calculating risk. Finally, an integrated risk is calculated for this upazila. After analyzing all these factors, risks, are ranked for Sarankhola Upazila to exhibit in the Atlas.

দুর্যোগাক্রান্ততা বিশ্লেষণ

ঝুঁকি বিশ্লেষণের জন্য স্থানভেদে আপদের প্রকৃতি ও মাত্রা বিশ্লেষণ করা আবশ্যিক। যে কোন উপাদানের বিশেষ কোন আপদের প্রতি সংবেদনশীলতা সেই উপাদানের প্রকৃতিগত বৈশিষ্ট্য, আপদের তীব্রতা এবং দুর্যোগাক্রান্ততার মাত্রার উপর নির্ভর করে।

বিপদাপন্নতা বিশ্লেষণ

শরণখোলা উপজেলার সামগ্রিক বিপদাপন্নতা পরিমাপ করার জন্য কাঠামোগত, সামাজিক, অর্থনৈতিক এবং পরিবেশগত বিপদাপন্নতা বিশ্লেষণ করা হয়েছে। ভিন্ন ভিন্ন সূচকের গুরুত্ব বোঝার জন্য ভিন্ন ভিন্ন মান দিয়ে বিশ্লেষণ করা হয়েছে। বিপদাপন্নতা বিশ্লেষণের জন্য বিভিন্ন সূচকে মাত্রা ব্যবহার করে তাদের তুলনামূলক গুরুত্ব নির্ধারণ করা হয়েছে। সূচকের মাত্রা নির্ধারণ করার জন্য ডেলফি পদ্ধতি ব্যবহার করা হয়েছে।

ঝুঁকি পরিমাপ

এই মানচিত্রটিতে ঝুঁকি পরিমাপের জন্য বন্যা, জলোচ্ছ্বাস, লবণাক্ততা এবং খরার ঝুঁকি বিশ্লেষণ করা হয়েছে। দুভাবে ঝুঁকির পরিমাপ করা হয়েছে। প্রথমত, ভিন্ন ভিন্ন দুর্যোগের জন্য ভিন্ন ভিন্ন ঝুঁকির পরিমাপ এবং দ্বিতীয়ত, চারটি ভিন্ন ক্ষেত্রের ওপর ভিত্তি করে যথাঃ ভৌত, সামাজিক, অর্থনৈতিক এবং পরিবেশগত। সবশেষে প্রতিটি উপজেলার সমন্বিত ঝুঁকি পরিমাপ করার জন্য উপরের সবকটি উপাদান বিশ্লেষণ করে শরণখোলা উপজেলার ঝুঁকির পর্যায়ক্রম তৈরি করা হয়েছে।



1 General Introduction

1.1 About the Atlas

Bangladesh is one of the most disaster vulnerable countries and will become even more so as a result of climate change. Intergovernmental Panel on Climate Change (IPCC) Fourth Assessment Report (AR4, 2007) indicates the evidence of changes in global climate over the past century. Floods, tropical cyclones, storm surges, saline intrusion, droughts, etc. are likely to become more frequent and severe in the coming years. Based on research and study findings, Comprehensive Disaster Management Programme (CDMP II) has developed local level hazard exposure information in the form of flood inundation, storm surge inundation and salinity maps. The maps and data are instrumental for community risk assessment, flood zoning and to find elements at risk, at present and in the changing climate. The maps and other information have been translated into Upazila Risk Atlas, which can be used for local level planning.

The Risk Atlas is basically a compendium of hazard maps, brief description of risks indices, institutions and infrastructures at risk at the upazila level. It contains general information about natural disasters, community, properties of communities and its level of exposure to a particular hazard. Atlas also includes information on different types of vulnerability like physical vulnerability, social vulnerability, environmental vulnerability and economic vulnerability and their sensitivity to different hazards. The Atlas provides reference to analyse the risk profile of selected upazila, in the form of hazard status (flood depth and extent, storm surge depth and inundation extent, level of salinity concentration and inundation extent, drought profile and extent), as well as vulnerability profile. Aim of the Risk Atlas is to facilitate the local government authority with easy, accessible and credible information and references for local level risk reduction and adaptation planning.

With the support of Comprehensive Disaster Management Programme (CDMP II) Center for Climate Change and Environmental Research (C3ER), BRAC University has prepared the Risk Atlas. A team of engineers, mapping experts, social scientists worked together who collected, analysed and used updated data and information on hazards, vulnerability and risks both from the national and local sources. In order to give a comprehensive structure of the Atlas the team shared and facilitated the draft Atlas with the planners and policy makers at local and national levels.

১ ভূমিকা

১.১ এ্যাটলাস সম্পর্কে

বাংলাদেশ একটি অন্যতম দুর্যোগপ্রবণ ও বিপদাপন্ন দেশ হিসেবে পরিচিত এবং জলবায়ু পরিবর্তনের ফলে এই অবস্থা আরও নাজুক হতে পারে। গত এক শতকে বৈশ্বিক জলবায়ুর পরিবর্তন হয়েছে তা ইন্টারগভার্নমেন্টাল প্যানেল অন ক্লাইমেট চেঞ্জ (আইপিসিসি) এর চতুর্থ সমীক্ষা প্রতিবেদন থেকে নিশ্চিত হওয়া যায় (এয়ার৪, ২০০৭)। ধারণা করা হয় যে, আগামী বছরগুলোতে বন্যা, ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস, লবণাক্ততা, বরা ইত্যাদি আরও বেশী হবে ও ব্যাপক রূপ নিয়ে দেখা দিবে। বিভিন্ন গবেষণা ও সমীক্ষা থেকে প্রাপ্ত তথ্য ও উপাত্ত বিশ্লেষণ করে কম্প্রিহেনসিভ ডিজাস্টার ম্যানেজমেন্ট প্রোগ্রাম (সিডিএমপি ২) স্থানীয় পর্যায়ে ব্যবহার করার জন্য তৈরি করেছে বন্যা, জলোচ্ছ্বাস ও লবণাক্ততার মানচিত্র। এই মানচিত্র ও উপাত্তসমূহ জনসোচ্ছাীর ঝুঁকি নিরূপণ, বন্যাগ্রবণ এলাকা নির্দিষ্টকরণ, বর্তমান ও পরিবর্তিত জলবায়ুর ঝুঁকিতে থাকা উপাদানসমূহ চিহ্নিত করার কাজে ব্যবহার করার ক্ষেত্রে অত্যন্ত উপযোগী। উপরোক্তাখিত মানচিত্র ও উপাত্তসমূহকে আরও পরিবর্তিত ও পরিশীলিত করে স্থানীয় পরিকল্পনা পণ্যনের কাজে ব্যবহারের জন্য প্রস্তুত করা হয়েছে দুর্যোগ মানচিত্র বা ঝুঁকি এ্যাটলাস।

দুর্যোগ মানচিত্র বা ঝুঁকি এ্যাটলাস হচ্ছে মূলত যে কোন উপজেলার আপদ মানচিত্র, ঝুঁকি সূচকের সর্বমুখ্য বিবরণ, ঝুঁকিতে থাকা বিভিন্ন প্রতিষ্ঠান, অবকাঠামো ইত্যাদির এক করে গঠিত একটা বই। ঝুঁকি এ্যাটলাসে আছে কোন এলাকার প্রাকৃতিক দুর্যোগ, ঐ এলাকার জনসোচ্ছাী, তাদের বৈশিষ্ট্য, কোন আপদে তাদের আক্রান্ত হওয়ার অবস্থার বিবরণ। ঝুঁকি এ্যাটলাসটিতে আরও আছে বিভিন্নরকম বিপদাপন্নতা যেমন কাঠামোগত বিপদাপন্নতা, সামাজিক বিপদাপন্নতা, পরিবেশগত বিপদাপন্নতা ও অর্থনৈতিক বিপদাপন্নতা এবং বিভিন্ন আপদে তাদের সংবেদনশীলতা। ঝুঁকি এ্যাটলাসটি কোন নির্দিষ্ট উজেলার ঝুঁকির চিত্র (প্রোফাইল) বিশ্লেষণের ক্ষেত্রে প্রয়োজনীয় সূত্র দিয়ে সাহায্য করে যেগুলো হচ্ছে আপদের অবস্থা (বন্যার গভীরতা ও পরিধি, জলোচ্ছ্বাসের গভীরতা ও পরিধি, বরার চিত্র ও পরিধি) এবং বিপদাপন্নতার চিত্র (প্রোফাইল)। সহজবোধ্য, সহজগ্রাণ্য ও গ্রহণযোগ্য তথ্য এবং সূত্র দিয়ে স্থানীয় সরকারি প্রশাসনকে অত্র এলাকার ঝুঁকি হ্রাস ও অভিযোজন পরিকল্পনা প্রণয়নে সহযোগিতা করাি হচ্ছে ঝুঁকি এ্যাটলাসটির লক্ষ্য।

কম্প্রিহেনসিভ ডিজাস্টার ম্যানেজমেন্ট প্রোগ্রাম (সিডিএমপি ২) এর সার্বিক সাহায্যতায় প্রাক্ত বিশ্ববিদ্যালয়ের সেক্টর ফর ক্লাইমেট চেঞ্জ এন্ড এনভায়রোমেন্টাল রিসার্চ (সিপ্রিইআর) ঝুঁকি এ্যাটলাসটি তৈরি করার কাজ করেছে। প্রকৌশলী, মানচিত্র বিশারদ ও সমাজ বিজ্ঞানীর একটা দল একজাতি করেছে যারা স্থানীয় ও জাতীয় পর্যায়ে থেকে আপদ, বিপদাপন্নতা ও ঝুঁকির সমসাময়িক তথ্য ও উপাত্ত সংগ্রহ করে বিশ্লেষণ করে ঝুঁকি এ্যাটলাস তৈরিতে ব্যবহার করেছে। ঝুঁকি এ্যাটলাসটিতে একটি সমাখিত রূপ দেওয়ার জন্য এটি স্থানীয় ও জাতীয় উন্নয়ন কর্মসূচির নীতি-নির্ধারক ও পরিকল্পনা প্রণয়নকারীদের সামনে উপস্থাপন করা করে, তাদেরকে জানানো এবং তাদের মতামত নেওয়া হয়েছে।



1.2 Disaster risk management: Importance and current practices

Bangladesh is one of the most vulnerable countries in the world.

According to Climate Risk Index, Bangladesh is one of the most disaster-prone countries in the world (Harmeling, 2009). Almost every year, the country experiences disasters of one kind or another like tropical floods, cyclones, storm surges, coastal erosion, tornadoses and droughts (Ali, 1996). These disasters result in heavy loss of life and property and jeopardize development activities. Bangladesh is highly vulnerable to different types of disasters because of high population density, high incidence of poverty and social inequity, poor institutional capacity, inadequate financial resources, and poor infrastructure (Ahmed 2004). Moreover, the frequency and magnitude of different hazards are going to be amplified due to climate change. Floods, tropical cyclones, storm surges and droughts are likely to become more frequent and severe in the coming years. These changes will threaten the significant achievements of Bangladesh that has made over the last 20 years in increasing incomes and reducing poverty, and will make it more difficult to achieve the MDGs (BCCSAP, 2009). In the past, the disaster management program of Bangladesh was mainly focused on relief and rehabilitation. But this scenario has changed from the 1990s, and the Bangladesh Government is approaching towards a paradigm shift from the conventional disaster relief and rehabilitation programs to a more comprehensive risk reduction or Disaster risk reduction (DRR) culture. In order to plan for a risk resilient society, the first step should be to compile the risk information, particularly at the local level.

Disaster risk reduction is a global priority

The decade covering 1990 to 2000 was declared by the UN to be the International Decade for Natural Disaster Reduction (IDNDR). After the year 2000, a follow up process was initiated that is titled as the International Strategy for Disaster Reduction (ISDR). This strategy stressed the need to move from top-down management of disasters and a cycle that focuses on rehabilitation and preparedness, towards a more comprehensive approach that works to avoid or mitigate risk before disasters occur.

The disaster risk management cycle, shown in Figure 1.2.1, consists of four phases: Prevention/Mitigation and Preparedness in the pre-disaster stage, and Response and Rehabilitation/Reconstruction in the post-disaster stage. In the "Prevention/Mitigation" phase, efforts are made to prevent or mitigate damage (e.g. construction of dikes and dams against floods). Activities and measures for ensuring an effective response to the impact of hazards are classified as "Preparedness" (e.g. emergency drills and public awareness) and are not aimed at averting the occurrence of a disaster. "Response" includes such activities as rescue efforts, first aid, fire fighting and evacuation. In the "Rehabilitation/Reconstruction" phase, considerations of disaster risk reduction should form the foundations for all activities. Taking appropriate measures based on the idea of disaster risk management in each phase of the disaster risk management cycle can reduce the overall disaster risk.

১.২ দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা : গুরুত্ব ও বর্তমান কার্যক্রম

বাংলাদেশ বিশ্বের সবচেয়ে বিপদাপন্ন দেশগুলির মধ্যে একটি


জলবায়ু ঝুঁকি সূচক অনুযায়ী, বাংলাদেশ পৃথিবীর সবচেয়ে দুর্যোগ প্রবণ দেশগুলোর মধ্যে একটি (Harmeling, 2009)। প্রায় প্রতি বছরই দেশটি কোন না কোন প্রাকৃতিক দুর্যোগ যেমনঃ বন্যা, ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস, নদী জালন, টর্নেডো এবং খরা দ্বারা আক্রান্ত হয় যা সম্পদের ক্ষতি সাধন করে এবং গ্রাহ্যনি ঘটায় ও উন্নয়ন কর্মকাণ্ডে বিঘ্ন ঘটায় (Ali, 1996)। জনসংখ্যার অধিক ঘনত্ব, দারিদ্র্যের উচ্চ হার ও সামাজিক অসমতা, সীমিত প্রাতিষ্ঠানিক সার্থ্য, অপ্রতুল অর্থনৈতিক সম্পদ ও দুর্বল অবকাঠামো বাংলাদেশকে আরো বেশী বিপদাপন্ন করে তুলছে (Ahmed, 2004)। উপরন্তু জলবায়ু পরিবর্তনের ফলে বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগের সংখ্যা এবং তীব্রতা বেড়ে যাচ্ছে। বন্যা, খরা, জলোচ্ছ্বাস এবং ঘূর্ণিঝড় সামান্যের দিনগুলোতে আরো তীব্র আকার ধারণ করবে। অনেকের মতে আস্তে আস্তে এই পরিবর্তনগুলো স্পষ্টভাবে দেখা দিতে শুরু করেছে। এই দুর্যোগগুলো গত বিশ বছরে গড় আয় বৃদ্ধি এবং দারিদ্র্যতা নিরসনে বাংলাদেশের অর্জনকে হুমকির মুখে ফেলছে যা সহশ্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা (MDG) অর্জনকে আরো কঠিন করে তুলবে (BCCSAP, 2009)। অতীতে বাংলাদেশ দুর্যোগ ব্যবস্থাপনায় শুধুমাত্র ত্রাণ এবং পুনর্বাসনের উপর জোর দিত। কিন্তু নব্বইয়ের দশকের পর থেকে দুর্যোগ বদলাতে শুরু করে এবং বাংলাদেশ সরকার এখন ত্রাণ এবং পুনর্বাসনের পরিবর্তে সার্বিক ঝুঁকি হ্রাস ও দুর্যোগের ঝুঁকি কমানোর চেষ্টা করে যাচ্ছে। একটি ঝুঁকি সশব্দীল সমাজ গঠনের ক্ষেত্রে প্রথম পদক্ষেপ হলো স্থানীয় পর্যায়ে ঝুঁকি সম্পর্কিত তথ্য সংগ্রহ ও সংকলন করা।

দুর্যোগের ঝুঁকি হ্রাস একটি বৈশ্বিক অগ্রাধিকার

১৯৯০-২০০০ এর দশকটিকে জাতিসংঘ International Decade for Natural Disaster Reduction (IDNDR) হিসেবে ঘোষণা করেছে। তার পরবর্তীতে International Strategy for Disaster Reduction (ISDR) গঠিত হয়। এই কৌশল শীর্ষ পর্যায়ে থেকে তৎপূর্ণ পর্যন্ত তথ্যকথিত চালিয়ে দেওয়ার যে প্রণালীত নিয়ম তা বাদ

নিরে অংশগ্রহণ মূলক দুর্যোগ ব্যবস্থাপনা চক্রের প্রয়োজনীয়তা সম্পর্কে গুরুত্ব আরোপ করে। এতে পুনর্বাসন, প্রস্তুতি এবং একটি সার্বিক কর্মসূচি মাধ্যমে দুর্যোগের ঝুঁকি কমানো এবং এড়ানোর উপরে জোর দেয়া হয়েছে।

চিত্র ১.২.১ এ দুর্যোগ ব্যবস্থাপনার যে চক্রটি দেখানো হয়েছে তা চারটি পর্যায়ে নিয়ে গঠিতঃ দুর্যোগ পূর্ব পর্যায়ে প্রতিরোধ, প্রস্তুতি, দুর্যোগ পরবর্তী পর্যায়ে প্রতিক্রিয়া বা সাড়া ও পুনর্বাসন। প্রতিরোধ পর্যায়ে উদ্দেশ্য হলো দুর্যোগের ক্ষতি হ্রাস করা (যেমনঃ বন্যা প্রতিরোধে বাঁধ বা প্রাচীর নির্মাণ)। দুর্যোগের প্রভাব হ্রাস করার জন্য যে সব পদক্ষেপ নেয়া হয় তা 'প্রস্তুতি' হিসেবে বিবেচিত হয় (যেমনঃ গণ সচেতনতা বৃদ্ধি) এবং এর উদ্দেশ্য দুর্যোগ প্রতিহত করা নয়। দুর্যোগজনিত 'প্রতিক্রিয়া' বলতে বোঝায় উন্নয়ন কর্মসূচি, প্রাথমিক চিকিৎসা এবং ত্রাণ নির্বাণ প্রভৃতি। 'পুনর্বাসন/পুনঃনির্মাণ' পর্যায়ে দুর্যোগ হ্রাস সম্পর্কিত সকল কার্যাবলি অন্তর্গত। দুর্যোগ ঝুঁকি কমানোর ক্ষেত্রে প্রতিটি পর্যায়ে সঠিক পদক্ষেপ সার্বিক দুর্যোগের ঝুঁকি কমাতে কার্যকর ভূমিকা রাখতে পারে।



চিত্র ১.২.১: দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা চক্র
Figure 1.2.1: Disaster Risk Management Cycle

1.3 Objective of the atlas

Ultimate goal of the Upazila Atlas is to facilitate the local government authority with easy, accessible and credible information and reference for local level risk reduction and adaptation planning.

Specifically the Upazila Atlas is intended to:

- Provide access to credible references of risk information. This knowledge will provide the initial ground for the community based risk assessment (CRA) exercise.
- Mainstream DRR and CCA planning interventions, based on the risk knowledge portrayed in risk atlas.
- Provide a basis for further investigation and studies on local level adaptation plan for action.

1.4 Methodology

The Upazila Atlas has been prepared through following major steps:

- Identification of current natural hazards in Bangladesh
- Integrated risk and vulnerability analysis

Identification of current natural hazards

On the basis of field survey and the literature review, all natural hazards, their risk and finally the vulnerability of the selected upazilas have been identified.

Integrated risk and vulnerability analysis

Risk assessment of a particular area depends upon a number of factors. It should include the type and severity of the hazard; the elements are exposed to a particular hazard and the sensitivity of the elements that are exposed. To represent this idea risk can be calculated using the following formula:

$$\text{Risk} = \text{Hazard} \times \text{Exposure} \times \text{Vulnerability}$$

Hazard refers to the possible, future occurrence of natural or human-induced physical events that may have adverse effects on vulnerable and exposed elements (White, 1973; UNDRO, 1980; Cardona, 1990; UNHDA, 1992; Birkmann, 2006b). Although in the past risk assessment methods have been ascribed the same meaning as risk, it is now widely accepted that it is a component of risk and not risk itself.

Out of the two other determinants of risk, exposure refers to the inventory of elements in the area in which hazard events may occur (Cardona, 1990; UNISDR, 2004, 2009b). Vulnerability refers to the propensity of exposed elements such as human beings, their livelihoods, and assets to suffer adverse effects when impacted by hazard events (UNDRO, 1980; Cardona, 1986, 1990, 1993; Liverman, 1990; Maskrey, 1993b; Cannon, 1994, 2006; Blaikie et al., 1996; Weichsel Gartner, 2001; Bogardi and Birkmann, 2004; UNISDR, 2004, 2009b; Birkmann, 2006b; Janssen et al., 2006; Thywissen, 2006).

The methodology of this particular work follows the above equation of risk assessment. The risk has been calculated based on the hazard, exposure and vulnerability of the selected upazila. The following diagram represents the steps of risk assessment have been used (Figure 1.4.1).

১.৩ এ্যাটলাসের উদ্দেশ্য

উপজেলা দুর্ঘোণ মানচিত্রের উদ্দেশ্য হলো সহজ, সুলভ এবং বিশ্বাসযোগ্য তথ্য দিয়ে স্থানীয় সরকারি কর্তৃপক্ষকে ঝুঁকি-হ্রাস ও অভিযোজন পরিকল্পনা প্রণয়নে সহায়তা করা।

উপজেলা দুর্ঘোণ মানচিত্রের সুনির্দিষ্ট উদ্দেশ্যগুলো হলো:

- ঝুঁকির তথ্য বিষয়ে বিশ্বাসযোগ্য সূত্র জানানো যা জনগোষ্ঠীর ঝুঁকি নিরূপণে প্রাথমিক ধারণা দেবে।
- ঝুঁকি মানচিত্রে বর্ণিত ঝুঁকি সম্পর্কিত জ্ঞানের মাধ্যমে DRR এবং CCA পরিকল্পনাকে মূলধারায় নিয়ে আসা।
- স্থানীয় অভিযোজন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের ক্ষেত্রে অধিকতর অনুসন্ধান এবং বিশ্লেষণের সুযোগ সৃষ্টি করা।

১.৪ কার্যপদ্ধতি

উপজেলা দুর্ঘোণ মানচিত্রটি নিম্নোক্ত ধাপগুলো অনুসরণ করে প্রস্তুত করা হয়েছে:

- বাংলাদেশের সমসাময়িক প্রাকৃতিক আপদগুলো চিহ্নিত করা।
- সম্ভবিতাব্যে ঝুঁকি এবং বিপদাপন্নতা বিশ্লেষণ করা।

সমসাময়িক প্রাকৃতিক আপদগুলো চিহ্নিত করণ

মাঠে পর্যায়ের জরিপ এবং বিদ্যমান অন্যান্য গবেষণা ফলাফলের ওপর ভিত্তি করে নির্দিষ্ট ভৌগোলিক এলাকার প্রাকৃতিক আপদ, সেই অঞ্চলগুলোর ঝুঁকি এবং বিপদাপন্নতা চিহ্নিত করা হয়েছে।

ঝুঁকি এবং বিপদাপন্নতা বিশ্লেষণ করা

কোন নির্দিষ্ট অঞ্চলের ঝুঁকি পরিমাণ অনেকগুলো বিষয়ের ওপর নির্ভরশীল। আপদের ধরন ও তীব্রতা, আপদে আক্রান্ত হওয়ার মতো উপাদান এবং স্পর্শকাতরতা এর মধ্যে অন্তর্ভুক্ত। নিম্নের সূত্রটি দ্বারা ঝুঁকি পরিমাপ করা হয়েছে।

$$\text{ঝুঁকি} = \text{আপদ} \times \text{দুর্ঘোণ আক্রান্ততা} \times \text{বিপদাপন্নতা}$$

আপদ বলতে বোঝায় প্রাকৃতিক বা মানব সৃষ্ট ঘটনা যা বিপদাপন্ন এবং আক্রান্ত হওয়ার মতো উপাদানের ওপর বিরূপ প্রভাব ফেলতে পারে (White, 1973; UNDRO, 1980; Cardona, 1990; UNHDA, 1992; Birkmann, 2006b)। যদিও পূর্বে ঝুঁকি নিরূপণ পদ্ধতি এবং ঝুঁকিকে একই মনে করা হত। কিন্তু বর্তমানে পদ্ধতিটিকে ঝুঁকির একটি উপাদান মনে করা হয়, ঝুঁকি মনে করা হয় না।

ঝুঁকির অন্য দু'টি উপাদানের মধ্যে দুর্ঘোণ আক্রান্ততা বলতে বোঝায় একটি অঞ্চলের ঐ সমস্ত উপাদান যা দুর্ঘোণ আক্রান্ত হতে পারে (Cardona, 1990; UNISDR, 2004, 2009b)। বিপদাপন্নতা বলতে বোঝায় যে কোন উপাদান যেমনঃ মানুষ, তার জীবিধা এবং সম্পদ যার ওপর আপদ ও তার প্রভাব পড়তে পারে ও আক্রান্ত হতে পারে (UNDRO, 1980; Cardona, 1986, 1990, 1993; Liverman, 1990; Maskrey, 1993b; Cannon, 1994, 2006; Blaikie et al., 1996; Weichsel Gartner, 2001; Bogardi and Birkmann, 2004; UNISDR, 2004, 2009b; Birkmann, 2006b; Janssen et al., 2006; Thywissen, 2006)।

ঝুঁকি নিরূপণ ও বিপদাপন্নতা বিশ্লেষণের কাজটি উপরোক্ত সমীকরণটির ওপর ভিত্তি করে করা হয়েছে। ঝুঁকি পরিমাপ করা হয়েছে উপজেলাগুলোর বিপদাপন্নতা, দুর্ঘোণ আক্রান্ততা এবং আপদের ওপর ভিত্তি করে। উল্লিখিত ছকটিতে (চিত্র ১.৪.১) ঝুঁকি পরিমাপের জন্য ব্যবহৃত বিভিন্ন ধাপগুলো দেখানো হয়েছে।

চিত্র ১.৪.১: ঝুঁকি পর্যালোচনার ধাপসমূহ
Figure 1.4.1: Steps of Risk Assessment

Hazard Analysis

Hazard analysis is the first step of risk assessment. Potential hazards of the country have been identified, and those are flood, drought, storm surge and soil salinity. In the hazard map, spatial variation of hazard affected area with the variation of hazard intensity has been shown. The intensity of each hazard has been classified separately on an ordinal scale using relative hazard intensity classes.

The information of each hazard have been integrated and produced a combined hazard map to identify and predict the overall vulnerability of the region. Weighting of hazards implies normative decisions, which has been given using Delphi method, developed by Helmer (1966). On this basis, the integration of all hazards and the production of an integrated hazard map have been prepared.

Exposure Analysis

Exposure means the elements that fall under the hazard risk areas. In this particular study, the research team calculates the exposure of settlements area, agricultural production (Aman, Boro, Gher, etc.), forest, protected areas and roads have been calculated. It means, for example; the areas of settlements are exposed to different hazard zones (like low intensity flood, medium intensity flood or high intensity flood). Same way exposure for other elements is also calculated. Once the exposure is calculated, it is, again normalized for each of the units. The following table-1.4.1 summarizes the exposure indicators:

Vulnerability Analysis

The analysis of vulnerability is the most difficult part of any risk assessment. It reveals the sensitivity of people, infrastructure or agriculture production to a given hazard. After reviewing the methodology of different literature of assessing vulnerability, the following broad indicators of vulnerability analysis are selected for this study:

- Physical
- Social
- Economical
- Environmental

Each of the above indicators has been analysed by using a set of sub indicators. The indicators used in this particular study are described in the following table (Table 1.4.2).

Integrated risk assessment, risk ranking and visualization

The information from the integrated hazard map and the integrated vulnerability map has been superimposed to produce the risk map using the formula (given in section 1.4). The map shows the integrated risk that each region is exposed to.

আপদ বিশ্লেষণ

আপদ বিশ্লেষণ হচ্ছে ঝুঁকি নিরূপণের প্রথম ধাপ। আমাদের দেশের সম্ভাব্য যে আপদগুলো চিহ্নিত হয়েছে তা হচ্ছে: বন্যা, খরা, জলোচ্ছাস এবং মাটির লবণাক্ততা। আপদ মানচিত্রগুলোতে বিপদাপন্নতার উন্নততা এবং অবস্থান চিহ্নিত করা হয়েছে। বিপদাপন্নতার উন্নততা পরিমাপ করা হয়েছে উপাত্তে ওপর ভিত্তি করে, যেমনঃ কোন একটি আপদের পৌনঃপুনিকতা এবং উন্নততা। প্রতিটি আপদের উন্নততা বিশ্লেষণ করে একে পাঁচটি শ্রেণিতে ভাগ করা হয়েছে।

সবগুলো বিপদাপন্নতা সম্পর্কিত তথ্য একত্রিত করে একটি সমন্বিত মানচিত্র তৈরি করে ঐ এলাকার বিপদাপন্নতা দেখানো হয়েছে। বিপদাপন্নতার ভিন্ন ভিন্ন পর নিয়ে ডেলাফি পদ্ধতি ব্যবহার করে এটি করা হয়েছে। এভাবে সবগুলো বিপদাপন্নতা মানচিত্র তৈরি করা হয়েছে।

দুর্ঘটনা আক্রান্ততা বিশ্লেষণ

দুর্ঘটনা আক্রান্ততা বলতে বোঝায় যে কোন উপাদান যা ঝুঁকির মধ্যে রয়েছে। এ কাজটিতে জনবসতি, কৃষি উপাদান, বন এবং রাস্তা-ঘাট প্রভৃতির দুর্ঘটনা আক্রান্ততা পরিমাপ করা হয়েছে। অর্থাৎ বিভিন্ন অঞ্চলের বসতি বিভিন্ন রকম ঝুঁকির সম্মুখীন (বিভিন্ন রকম বন্যা)। একই ভাবে অন্যান্য উপাদান গুলোর ক্ষেত্রেও দুর্ঘটনা আক্রান্ততা পরিমাপ করা হয়েছে। আক্রান্ততা পরিমাপের পর প্রতিক্ষেত্রেই আবার তা বর্ণনা করা হয়েছে (ছক ১.৪.১)।

ছক ১.৪.১ দুর্ঘটনা আক্রান্ততার নির্দেশক বা স্তর সমূহ

নির্দেশক অথবা স্তর	বর্ণনা
বসতি	বিভিন্ন মাত্রার দুর্ঘটনা আক্রান্ত বসতি এলাকা সমূহ
আমন ধান	বিভিন্ন মাত্রার দুর্ঘটনা আক্রান্ত আমন ধানের এলাকা সমূহ
রোয়ান ধান	বিভিন্ন মাত্রার দুর্ঘটনা আক্রান্ত রোয়ান ধানের এলাকা সমূহ
রাস্তা	বিভিন্ন মাত্রার দুর্ঘটনা আক্রান্ত রাস্তার এলাকা সমূহ

বিপদাপন্নতা বিশ্লেষণ

বিপদাপন্নতা বিশ্লেষণ ঝুঁকি পরিমাপের ক্ষেত্রে সবচেয়ে বেশী কর্তন কাজ। বিপদাপন্নতা বলতে বোঝায় আপদের প্রতি মানুষ, কাঠামো অথবা কৃষি উপাদানের সংবেদনশীলতা। বিপদাপন্নতা বিশ্লেষণে ব্যবহৃত পূর্বের বিভিন্ন গবেষণার গবেষণা পদ্ধতি বিশ্লেষণ করার পর নিচের সূচক গুলোকে চিহ্নিত করা হয়েছেঃ

- কাঠামোগত
- সামাজিক
- অর্থনৈতিক
- পরিবেশগত

প্রতিটি সূচককে আরো কিছু অধুসূচক দ্বারা বিশ্লেষণ করা হয়েছে। সেগুলো নিচের তালিকায় আঙ্গোনা করা হয়েছে (ছক ১.৪.২)।

সমন্বিত ঝুঁকি বিশ্লেষণ, ঝুঁকিক্রম তৈরি ও মানচিত্র প্রস্তুত

আপদ ও বিপদাপন্নতার মানচিত্র থেকে তথ্য নিয়ে এমন একটি সমন্বিত ঝুঁকি মানচিত্র তৈরি করা হয়েছে যা প্রতিটি অঞ্চলের সমন্বিত ঝুঁকিকে চিহ্নিত করে।


ছক ১.৪.২ ৪ বিপদাপন্নতার নির্দেশকসমূহ

বিপদাপন্নতার ধরন	নির্দেশক	বর্ণনা	সূত্র
জৌত বিপদাপন্নতা	জনসংখ্যার ঘনত্ব	বসতি এলাকার জনসংখ্যার ঘনত্ব	বিবিএস, ২০১১
	কাঠামোর ধরন	মোট বাড়ির তুলনায় কাঁচা বাড়ির শতকরা হার	বিবিএস, ২০১১
	সড়ক ব্যবস্থা	কাঁচা রাস্তার শতকরা হার	এলজিডি
সামাজিক বিপদাপন্নতা	খানার আকার	মোট খানার সংখ্যার তুলনায় ৪ সদস্যের অধিক সংখ্যক খানার শতকরা হার	বিবিএস, ২০১১
	শিশু ও বয়স্ক নির্ভরশীল ব্যক্তি	মোট খানার তুলনায় শিশু (০-৬) ও বৃদ্ধ (৬৫+) নির্ভরশীল ব্যক্তির শতকরা হার	বিবিএস, ২০১১
	অশিক্ষার হার	জনসংখ্যার মোট অশিক্ষিত ব্যক্তির শতকরা হার	বিবিএস, ২০১১
	গৃহ মালিকানা	মোট বাড়ির সংখ্যার তুলনায় ব্যক্তিগত মালিকানায নেই এমন বাড়ির সংখ্যা	বিবিএস, ২০১১
	অর্থনৈতিক বিপদাপন্নতা	মোট কৃষি জমির শতকরা হারে আমন এবং বোরো জমির অংশ	স্পার্সো, ২০১২
পরিবেশগত বিপদাপন্নতা	জীবিকার বৈচিত্র্য	বৈচিত্র্য সূচকের মাধ্যমে জীবিকার বৈচিত্র্য পরিমাপ করা হয়েছে	বিবিএস, ২০১১
	বৈকল্যের হার	মোট জনসংখ্যার যে অংশ কোন রকম অর্থনৈতিক কর্মকাণ্ডের সাথে জড়িত নয় তার শতকরা হার (এ ক্ষেত্রে গৃহস্থালী কার্যক্রমকেও অর্থনৈতিক কর্মকাণ্ডের মধ্যে অন্তর্ভুক্ত করা হয়েছে)	বিবিএস, ২০১১
	বৈদ্যুতিক সংযোগ	বৈদ্যুতিক সংযোগ নেই এমন খানাভোগ্য শতকরা হার	বিবিএস, ২০১১
	পানি সরবরাহ	পানি সরবরাহ ব্যবস্থা নেই এমন খানাভোগ্য শতকরা হার	বিবিএস, ২০১১
পরিবেশগত বিপদাপন্নতা	পানি সরবরাহ	পানি সরবরাহ ব্যবস্থা নেই এমন খানাভোগ্য শতকরা হার	বিবিএস, ২০১১
	পর্যায়মানতা	স্বাস্থ্যসম্মত পায়খানা নেই এমন খানাভোগ্য শতকরা হার	বিবিএস, ২০১১



2 Baseline Data

২ ভিত্তি উপাত্ত



2.1 Physiography of the Upazila

Physiography

The physiography of Bangladesh can be divided into twenty four sub-regions based on physical features and drainage pattern. Sarankhola upazila of Bagerhat district is located within the immature delta region. This zone contains the Sundarban forest and the Sundarban reclaimed estates (cultivated land).

Temperature

It is important to analyse the temperature to understand the climate of a particular area. The meteorological station -12103 of Patuakhali is the representative station for Sarankhola upazila. Figure 2.1, shows the usual average temperature in January varies from 18°C to 22°C. The average temperature of Sarankhola upazila increases gradually and reaches the highest in May. Average temperature in hot seasons varies from 26°C to 30°C in this upazila




Figure 2.1.1: Monthly average temperature of Station-12103 from year 1948 to 2008
চিত্র ২.১.১: স্টেশন ১২১০৩'র ১৯৪৮-২০০৮ সাল পর্যন্ত মাসিক গড় তাপমাত্রা।

Rainfall

Mean annual rainfall estimated for Sarankhola is 2498.07 mm. Figure 2.2 shows that there is hardly any rainfall from November to February (dry season). These four months contain less than 3% of the annual rainfall. The amount of rainfall increases rapidly from June to September (monsoon season) and reaches to 1453 mm, 60% rainfall is observed during this season.

Humidity, Sunshine Hour and Wind Speed

The amount of humidity in Sarankhola upazila is higher in the wet season. Duration of sunshine hour is longer in the dry season, and wind speed is higher in the wet season. The average annual wind speed is 177.28 km/day in the dry season whereas it is 185.87 km/day in the wet season (table 2.1).

২.১ উপজেলার ভূ-প্রকৃতি ও জলবায়ু

ভূ-প্রকৃতি

ভৌত বৈশিষ্ট্য ও নিদ্রাশন ব্যবস্থার উপর ভিত্তি করে বাংলাদেশের ভূ-প্রকৃতিকে চব্বিশটি অঞ্চলে ভাগ করা যায়। বাগেরহাট জেলার শরণখোলা উপজেলাটি অপরিণত ব-দ্বীপ অঞ্চলে অবস্থিত। এ অঞ্চলে সুন্দরবন বনাঞ্চল এবং চাষাবাদযোগ্য ভূমি রয়েছে।

তাপমাত্রা

কোন একটি অঞ্চলের জলবায়ুর প্রকৃতি বোঝার জন্য তাপমাত্রা বিশ্লেষণ করা প্রয়োজন। শরণখোলা উপজেলার জলবায়ু সম্পর্কিত তথ্যের জন্য পটুয়াখালী আবহাওয়া অফিস-১২১০৩ সবচেয়ে গুরুত্বপূর্ণ। চিত্র ২.১ থেকে দেখা যায় যে জানুয়ারি মাসের গড় তাপমাত্রা সাধারণত ১৮° সেঃ থেকে ২২° সেঃ এর মধ্যে উঠানামা করে। শরণখোলা উপজেলার গড় তাপমাত্রা জানুয়ারি মাসের পর থেকে ধীরে ধীরে বাড়তে থাকে এবং মে মাসে সর্বোচ্চ পর্যায়ে পৌঁছায়। গ্রীষ্মকালে গড় তাপমাত্রা ২৬° সেঃ থেকে ৩০° সেঃ এর মধ্যে উঠানামা করে।




Figure 2.1.2: Monthly rainfall of Station-12103 from the year 1948 to 2002
চিত্র ২.১.২: আবহাওয়া অফিস ১২১০৩'র ১৯৪৮-২০০২ সাল পর্যন্ত মাসিক বৃষ্টিপাতের পরিমাণ

বৃষ্টিপাত

শরণখোলা উপজেলার গড় বার্ষিক বৃষ্টিপাতের পরিমাণ ২৪৯৮.০৭ মি.মি.। চিত্র ২.২ থেকে দেখা যায় যে নভেম্বর থেকে ফেব্রুয়ারি মাস পর্যন্ত (ভস্ক-মৌসুম) এখানে কোন বৃষ্টিপাত হয় না বললেই চলে। এ সময় মোট বার্ষিক বৃষ্টিপাতের ৩ শতাংশের চেয়েও কম বৃষ্টিপাত হয়। জুন থেকে সেপ্টেম্বর মাসে (বর্ষাকাল) বৃষ্টিপাতের পরিমাণ দ্রুত বৃদ্ধি পায় এবং ১৪৫৩ মি.মি. পর্যন্ত হতে দেখা যায়। মোট বৃষ্টিপাতের ৬০ শতাংশই বর্ষাকালে হয়ে থাকে।

Table 2.1.1: Seasonal Change of Humidity, Sunshine Hour and Wind Speed at Station-10408

ছক ২.১.১: স্টেশন ১২০০৭'র আর্দ্রতা সূর্যালোক ঘণ্টা এবং বাতাসের গতিবেগের (মৌসুম) পরিবর্তন।

নির্দেশক	আর্দ্রতা (%)	সূর্যালোক (ঘণ্টা/দিন)	বাতাসের বেগ
শুক মৌসুম	৭৫.৪৯	৬.৫৮	১৭৭.২৮
বর্ষাকাল	৮৫.৩৪	৩.৬৩	১৮৫.৮৭

আর্দ্রতা, সূর্যালোক এবং বাতাসের বেগ

বর্ষাকালে শরণখোলা উপজেলার বাতাসে আর্দ্রতার পরিমাণ সবচেয়ে বেশী থাকে। শুক মৌসুমে দীর্ঘ সময় ধরে সূর্যালোক পাওয়া যায় এবং বর্ষাকালে বাতাসের গতি বেশী থাকে। শুক মৌসুমে বার্ষিক বাতাসের গড় গতিবেগ ১৭৭.২৮ কিমি/দিন এবং বর্ষাকালে এই গতিবেগ ১৮৫.৮৭ কি.মি./দিন (ছক ২.১)

Evapotranspiration Rate

Figure 2.3 shows the evapotranspiration rate (mm/day) for Sarankhola upazila. Evapotranspiration is lowest in January (2.72 mm/day), the coldest month of the year. Similarly, highest evapotranspiration rate is found in April (4.86 mm/day), the hottest month of the year. Air becomes saturated with moisture during rainy season and results in lower evapotranspiration rate at that time. So, less irrigation is required during the monsoon season in Sarankhola upazila.

Climate Change

Climate change means a statistically significant variation in either average state of climate or its variability for a longer period. Both the natural internal process and the external forces are responsible for climate change. Constant anthropogenic change and change in land use may result in climate change.

Climate Variability

Climate variability means the variation in the statistical condition of climate. It refers to variations in the average state and other statistics, as standard deviations, the occurrence of extremes, etc. Climate variability is caused due to internal and external variability.

Climatic Change and Trend Analysis in Sarankhola Upazila

Trend analysis is important in climate research to detect, estimate and predict the significant factors of climate. It shows that there are no significant indicators for climate change in Sarankhola upazila.

2.2 Socio Economic Condition

Population

According to the population census of Bangladesh, the total population of the Sarankhola upazila is around 119084 among which 62400 are male and 56684 are female. The total number of household is 28581. Table 2.2 shows the distribution of population and household in different unions of Sarankhola upazila. The highest population is found in Royenda union while Dhansagar union has the lowest population.

বাস্পীভবন গ্রন্থেদন এর হার

চিহ্ন ২.৩ থেকে শরণখোলা উপজেলার বাস্পীভবন গ্রন্থেদনের হার (মি.মি./দিন) জানা যায়। শীতলতম মাস ডিসেম্বর ও জানুয়ারিতে বাস্পীভবন গ্রন্থেদনের হার সবচেয়ে কম থাকে (২.৭২ মি.মি./দিন)। উষ্ণতম মাস এপ্রিলে এই হার থাকে সবচেয়ে বেশী (৪.৮৬ মি.মি./দিন)। বর্ষাকালে বাতাসে জলীয়বাস্পের পরিমাণ বেশী থাকায় বাস্পীভবন গ্রন্থেদনের হার কমে যায়। এ কারণে শরণখোলা উপজেলার বর্ষাকালে সেচের চাহিদা কম থাকে।




Figure 2.1.3: Evapotranspiration Rate (mm/day) at Sarankhola Upazila
চিহ্ন ২.১.৩: শরণখোলা উপজেলার বাস্পীভবন গ্রন্থেদনের হার (মি.মি./দিন)

জলবায়ু পরিবর্তন

জলবায়ু পরিবর্তন বলতে কোন একটি অঞ্চলের দীর্ঘ সময়ের জলবায়ু পরিবর্তন বা পরিবর্তনশীলতা বোঝায় যা পরিসংখ্যানগত ভাবে তাৎপর্যপূর্ণ। প্রাকৃতিক অভ্যন্তরীণ প্রক্রিয়া, বাহ্যিক উপাদান, মানব সৃষ্ট কর্মকাণ্ড এবং ভূমি ব্যবহারের ধরনের পরিবর্তন ইত্যাদি জলবায়ু পরিবর্তনের জন্য দায়ী।

জলবায়ু পরিবর্তনশীলতা

জলবায়ু পরিবর্তনশীলতা বলতে বুঝায় জলবায়ুর সংযোগত অবস্থার তারতম্য। এই তারতম্য বলতে জলবায়ুর গড় অবস্থা এবং অন্যান্য পরিসংখ্যান যেমন মান বিচ্ছিন্নতা, আবহাবিক আবহওয়া ইত্যাদিকে বোঝায়। অভ্যন্তরীণ বা বাহ্যিক পরিবর্তনশীলতার উপর নির্ভরশীল হল জলবায়ুর পরিবর্তনশীলতা।

জলবায়ুর পরিবর্তন এবং শরণখোলা উপজেলার ধারা বিশ্লেষণ

জলবায়ু গবেষণার ধারা বিশ্লেষণ গুরুত্বপূর্ণ কারণ এর মাধ্যমে জলবায়ুর বিভিন্ন গুরুত্বপূর্ণ উপাদান সমূহের সনাক্তকরণ, পরিমাপ এবং পূর্বাভাস দেয়া সম্ভব হয়। ধারা বিশ্লেষণ থেকে দেখা যায় যে, জলবায়ু পরিবর্তনের জন্য শরণখোলা উপজেলার কোন গুরুত্বপূর্ণ নির্দেশক নেই।

২.২ আর্থ-সামাজিক অবস্থা

জনসংখ্যা

